


# ইজিসিবি সংবাদ

ইজিসিবি এর কর্মকান্ড সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা
বর্ষ ০২, সংখ্যা ০৩, জানুয়ারি-মার্চ, ২০২৩




*ঐতিহাসিক ৭ মার্চ। আজ থেকে ৫২ বছর আগে ১৯৭১ সালের এ তারিখে পদ্মা-মেঘনা-যমুনা বিধৌত এতদ অঞ্চলের মানুষ একটি ভাষণ শুনেছিল। যে মানুষটি '৪৮ থেকে শুরু করে '৭১ পর্যন্ত সময়ে ধাপে ধাপে সেই মহাজাগরণের ডাকটি দেওয়ার জন্য নিজেকে তৈরি করেছেন ইতিহাসের সমান্তরালে আর দেশের মানুষকে প্রস্তুত করেছেন, সেই ডাকে সাড়া দিয়ে এক মহাজাগরণে শামিল হয়ে ইতিহাসে বাঙালির শ্রেষ্ঠ সময় স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়তে; তিনি হলেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। স্বাধীনতার মহান স্থপতি, বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তৎকালীন পাকিস্তানি শাসকগোষ্ঠীর রক্তচক্ষু উপেক্ষা করে অসীম সাহসিকতার সঙ্গে ঐতিহাসিক রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) লাখ লাখ মুক্তিকামী মানুষের উদ্বেলিত মহাসমাবেশে বলিষ্ঠ কণ্ঠে যে স্বাধীনতার ডাক দিয়েছিলেন, তা বাঙালি জাতির ইতিহাসে চিরস্মরণীয়। বঙ্গবন্ধুর সেই তেজোদীপ্ত উচ্চারণ- 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' শুধু স্বাধীনতা যুদ্ধে নয়, সেই ভাষণ আজও বাঙালি জাতিকে উদ্দীপ্ত করে, অনুপ্রাণিত করে।*

## ঐতিহাসিক ০৭ই মার্চ ও ১৭ই মার্চে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ইজিসিবি'র পক্ষ হতে বিদ্যুৎ ভবনস্থ মুজিব কর্ণারে পুষ্পস্তবক অর্পণ ও দোয়া-মাহফিলে অংশগ্রহণ






*ঐতিহাসিক ০৭ মার্চ উদযাপন উপলক্ষ্যে ইজিসিবি'র পক্ষ হতে বিদ্যুৎ ভবনস্থ মুজিব কর্ণারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে জাতির জনকের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন ইজিসিবি লিঃ এর চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। পুষ্পস্তবক অর্পন শেষে তাঁরা ০৭ই মার্চ উপলক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত দোয়া-মাহফিলে অংশগ্রহণ করেন।*

১৭ই মার্চে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩ তম জন্মবার্ষিকী উদযাপন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে ইজিসিবি'র পক্ষ হতে বিদ্যুৎ ভবনস্থ মুজিব কর্ণারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন ইজিসিবি লিঃ এর চেয়ারম্যান জনাব এস এম এনামুল কবির, ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) মহোদয় এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



## ইজিসিবি তে ঐতিহাসিক ০৭ই মার্চ ও ২৬ শে মার্চ জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচী পালিত






*ঐতিহাসিক ০৭ই মার্চ ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে ইজিসিবি লি এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে ও অন্যত্র আলোকসজ্জা করা হয়।*

## যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যে ইজিসিবিতে আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস পালিত

বায়ান্নর ভাষা আন্দোলন পূর্ব বাংলা তথা বাংলাদেশীদের মধ্যে যে জাতীয় চেতনার উন্মেষ ঘটায়, তাই পরবর্তীকালে সকল বৈপ্লবিক চেতনা ও ঐক্যের উন্মেষ ঘটায়, পরবর্তীকালে সকল আন্দোলনে প্রাণশক্তি হিসেবে অনুপ্রেরণা যোগায়। সর্বোপরি একটি স্বাধীন সত্বা হিসেবে আত্মপ্রকাশের পেছনে একুশের তাৎপর্য বাঙালি চিরদিন শ্রদ্ধাভরে স্মরণ রাখবে। একুশের চেতনাকে সারা বিশ্বে ছড়িয়ে দিতে প্রতিটি বাঙালিকে দায়ত্বশীল ভূমিকা পালন করতে হবে। বাংলা ভাষার সম্প্রসারণের মাধ্যমে বিশ্বপরিচয়ে বাঙালি হয়ে উঠবে অনন্য এক শক্তিশালী জাতি।




*২১ শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উপলক্ষ্যে ইজিসিবি এর বিদ্যুৎ কেন্দ্রসমূহে শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয় এবং জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়।*

## বিপিএমআই কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে ইজিসিবি হতে অংশগ্রহণপূর্বক সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারী এবং ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী প্রশিক্ষণার্থীদের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক ক্রেস্ট প্রদান

২০ মার্চ ২০২৩ তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় ইজিসিবি লিঃ এর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে বিপিএমআই কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে ইজিসিবি হতে অংশগ্রহণপূর্বক সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারী এবং ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী ১৩ জন প্রশিক্ষণার্থীদের বিপিএমআই হতে প্রেরিত ক্রেস্ট প্রদান অনুষ্ঠিত হয়। উক্ত ক্রেস্ট প্রদান অনুষ্ঠানে নির্বাহী পরিচালক (পিএন্ডডি), নির্বাহী পরিচালক (ওএন্ডএম) ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী ১৩ জন প্রশিক্ষণার্থীদের তাদের সাফল্যের জন্য সাধুবাদ জানান এবং ভবিষ্যতেও বিভিন্ন প্রশিক্ষণে ইজিসিবি লিঃ এর প্রশিক্ষণার্থীদের সাফল্যের ধারা অব্যাহত রাখার বিষয়ে আলোকপাত করেন। পরিশেষে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক প্রশিক্ষণার্থীদের ক্রেস্ট প্রদান অনুষ্ঠিত হয়।







*ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক প্রশিক্ষণার্থীদের ক্রেস্ট প্রদানের একাংশ।*

## বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব মহোদয় কর্তৃক ইজিসিবি লিঃ এর আওতায় নির্মাণাধীন সোনাগাজী ৭৫ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

১৮ মার্চ, ২০২৩ তারিখে বিদ্যুৎ, জ্বলানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ হাবিবুর রহমান ফেনী জেলার সোনাগাজী উপজেলার চরচান্দিয়া ইউনিয়নে ইজিসিবি লিঃ এর আওতায় নির্মাণাধীন সোনাগাজী ৭৫ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প সরেজমিনে পরিদর্শন করেন। ইজিসিবি'র সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠান আয়োজিত হয়। এ সময় আরও উপস্থিত ছিলেন জনাব এস এম এনামুল কবির, অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, ইজিসিবি লিঃ, জনাব মোঃ নূরুল আলম, অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, জনাব এরাদুল হক,সচিবের একান্ত সচিব, জনাব মাকসুদা খন্দকার,উপসচিব, কোম্পানি এ্যাফেয়ার্স-২ বিদ্যুৎ বিভাগ, পিজিসিবি'র সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি'র নির্বাহী পরিচালক ও প্রধান প্রকৌশলীগণ, পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, উপজেলা নির্বাহী অফিসার, সোনাগাজী এবং সহকারী কমিশনার (ভূমি), সোনাগাজী, ফেনী প্রমুখ।

পরিদর্শনকালের শুরুতে মাননীয় সচিব মহোদয় ইজিসিবি কর্তৃক সদ্য নির্মিত রেস্ট হাউজের শুভ উদ্বোধন করেন। অতিথিবৃন্দ নির্মাণাধীন বিদ্যুৎ কেন্দ্রের ডাইক নির্মাণ, প্যানেলের প্রিকাস্ট পাইল ড্রাইভিং ও প্যানেল স্থাপনকাজ, প্রকল্পের সঞ্চালন লাইন নির্মাণের জন্য টাওয়ার এর পাইলিং এবং পাইল ক্যাপের কাজ, বিদ্যুৎ কেন্দ্রের সাবস্টেশন, এডমিন বিল্ডিং ও কন্ট্রোল বিল্ডিং এর নির্মাণ কাজ পরিদর্শন করেন এবং প্রকল্পের অগ্রগতি সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন। পরবর্তীতে তাঁরা ইজিসিবি কর্তৃক আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। পরিদর্শন ও বৃক্ষরোপণ শেষে অথিথিবৃন্দকে প্রকল্পের সার্বিক অবস্থা সম্পর্কে উপস্থাপন করেন ইজিসিবি'র সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। পরিশেষে অতিথিবৃন্দ মধ্যাহ্নভোজে অংশগ্রহণ করেন এবং ইজিসিবি'র পক্ষ হতে অতিথিবৃন্দদের ক্রেস্ট ও গিফট প্রদান অনুষ্ঠিত হয়।






*বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ হাবিবুর রহমান মহোদয় ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণকে ফুল দিয়ে শুভেচ্ছা প্রদান করা হয়।*





*বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ হাবিবুর রহমান মহোদয় কর্তৃক রেস্ট হাউজ উদ্বোধনের একাংশ।*






*ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে প্রকল্পের সার্বিক বিষয় নিয়ে আলোচনা সভার একাংশ।*





রেস্ট হাউজ প্রাঙ্গণে বৃক্ষরোপণ করেন মাননীয় সচিব মহোদয় ও অন্যান্য কর্মকর্তাগণ।



মাননীয় সচিব মহোদয়কে শুভেচ্ছা উপহার প্রদানের একাংশ।



ইতোমধ্যে স্থাপনকৃত সোলার প্যানেলের একাংশ।



প্যানেল স্থাপনের স্টিল স্ট্রাকচারের কাজ।



প্যানেল স্থাপনের প্রিকাস্ট পাইল ড্রাইভিং কাজ।



প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের একাংশ।



অতিথিবৃন্দের সাথে ইজিসিবি লিঃ এর কর্মকর্তা ও প্রকল্প সংশ্লিষ্টগণ।


## ইজিসিবি তে তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা সংশ্লিষ্ট প্রশিক্ষণ, এপিএ প্রমাণক সংক্রান্ত প্রশিক্ষণ, Leadership Development শীর্ষক প্রশিক্ষণ, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ এবং ই-গভার্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন

ইজিসিবিতে তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ১০/০১/২০২৩ তারিখ সকাল ১০.০০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে "তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা" সংশ্লিষ্ট প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে ইজিসিবি'র সম্মানিত চেয়ারম্যান জনাব এস এম এনামুল কবির উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় ইজিসিবি'র ৭২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

ইজিসিবিতে Leadership Development বাস্তবায়নের লক্ষ্যে ৩১/০১/২০২৩ তারিখ সকাল ৯.০০ টা থেকে দুপুর ০২.০০ টা পর্যন্ত কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে "Leadership Development" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে ইজিসিবি'র সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) মহোদয় উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ৮৬ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

ইজিসিবিতে ই-গভার্নেন্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২৬/০২/২০২৩ তারিখ সকাল ৯.৩০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে "ই-গভার্নেন্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পপনা" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান, মাস্টার ট্রেইনার, এটুআই, আইসিটি ডিভিশন উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ৬০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

ইজিসিবিতে এপিএ কর্ম্পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২১/০৩/২০২৩ তারিখ দুপুর ০৩.০০ টা থেকে বিকাল ০৫.৩০ টা পর্যন্ত কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে "এপিএ প্রমাণক" সংক্রান্ত একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে জনাব আলিয়া মেহের, উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, বিদ্যুৎ বিভাগ উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে এপিএ প্রমাণক দাখিল সংক্রান্ত বিষয়াদি বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ৩৯ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।





*ইজিসিবি'র বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণের অংশগ্রহণে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণের স্থিরচিত্র*